গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।
www.dgnm.gov.bd

স্মারক নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৪৪.২১. ৫৮৫

৩১/৫ /১৪২৮ বঙ্গাব্দ
তাং
১৫/৯ /২০২১ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ ব্যক্তিগত শুনানী প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, জনাব শাহজাদী লস্কর, পিতা- মোঃ জাকির হোসেন লস্কর, সিনিয়র স্টাফ নার্স, কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, ঢাকা এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় তিনি অভিযোগনামার জবাব প্রদান করেন। তার দাখিলকৃত জবাব কর্তৃপক্ষ কর্তৃক যথাযথ গুরুত্বের সাথে পর্যালোচনা করা হয়েছে। তার জবাব বিবেচনায় কর্তৃপক্ষ তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

২। বর্ণিত অভিযোগের বিষয়ে জনাব শাহজাদী লস্কর, পিতা- মোঃ জাকির হোসেন লস্কর, সিনিয়র স্টাফ নার্স, কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, ঢাকা এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার শুনানী আগামী ২৭/০৯/২০২১ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২ বরাবর শুনানী প্রদানের নিমিত্তে উপস্থিত থাকার জন্য নির্দেশ প্রদান করা হলো।

১৫/৯/২১
মোঃ নাসির উদ্দিন
উপসচিব
পরিচালক (প্রসাশন ও শৃংখলা)

জনাব শাহজাদী লস্কর
সিনিয়র স্টাফ নার্স
কুর্মিটোলা জেনারেল হাসপাতাল
ঢাকা।

স্মারক নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৪৪.২১. ৫৮৫/১(৫)

৩১/৫ /১৪২৮ বঙ্গাব্দ
তাং
১৫/৯ /২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১। পরিচালক, কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, ঢাকা।
২। সেবা তত্ত্বাবধায়ক, কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, ঢাকা ।
৩। উপপরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা (পত্রটি অধিদপ্তরের নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৪। মহাপরিচালক মহোদয়ের এর ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
৫। অফিস কপি।

১৫/৯/২০২০
রেবেকা খাতুন
সহকারী পরিচালক (শৃংখলা)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর
মহাখালী ১২১২ ঢাকা।
www.dgnm.gov.bd

স্মারক নং ৪৫১.২৭.০০৭.০০০০.০৩.২৩২১. তারিখঃ ---------------- /১৪২৮ বঙ্গাব্দ
/২০২১ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ কারণ দর্শানোর নোটিশ।

আপনি জনাব হাফিজা আখতার, পিতাঃ আব্দুল হাকিম মল্লিক, উপ-সেবা তত্ত্বাবধায়ক, জাতীয় চক্ষু বিজ্ঞান ইনষ্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা এই মর্মে অভিযোগ উত্থাপিত হয়েছে যে, ''আপনি সিনিয়র স্টাফ নার্সগণদের সাথে সাক্ষাৎ দিতে চান না। সাক্ষাতের সময় দেওয়া হলেও তাদের সাথে খারাপ ব্যবহার করেন। সিনিয়র স্টাফ নার্সগণ ছুটির আবেদন নিয়ে গেলে আপনাকে অফিস রুমে পাওয়া যায় না। আবেদন অফিস রুমে রেখে আসলে ডাষ্টবিনে ছুড়ে ফেলে দেন। পরবর্তিতে ডাষ্টবিন থেকে সেই কাগজ উদ্ধার হলেও আপনি আবেদন লেখা সঠিক হয় নাই মর্মে জানান। জনাব হাফিজা বেগম, সিনিয়র স্টাফ নার্স, সোহরাওয়ার্দী হাসপাতালে ডাক্তার দেখাতে গেলে আপনি তাকে ফোন করে তাড়াতাড়ি চলে আসতে বলেন। তাড়াহুড়া করে হাসপাতালে আসতে গিয়ে এক্সিডেন্ট করে তার পা ভেঙ্গে যায়। পরবর্তীতে উক্ত কর্মকর্তা ছুটির কাগজ পাঠালে তা গ্রহণ না করে ফেরত পাঠান। আপনি হাসপাতালে সিনিয়র স্টাফ নার্সগণদের কোন সমস্যা যেমন- ডিউটি রোষ্টার, ছুটির কথা বলতে গেলে আপনি ছুটি দিতে পারবেন না বলে জানান এবং তাদেরকে হুমকিস্বরূপ ডাইরেক্টর রুমে গিয়ে আন্দোলন করার কথা বলেন। এ ধরনের উস্কানীমূলক কথা বলে আপনি সিনিয়র স্টাফ নার্সগণদের বিভ্রান্তি সৃষ্টি করেন। জনাব মিনারা বেগম, সিনিয়র স্টাফ নার্স, পি. এল.আই.ডি রোগে আক্রান্ত হলেও আপনি তার এম.আর.আই রির্পোটকে ভূয়া বলে তাকে আউটডোরে ডিউটি দেন। গত ১৭/১১/২০২০ খ্রিঃ তারিখে জনাব মোছাঃ সুফিয়া খাতুন, সিনিয়র স্টাফ নার্স, জাতীয় চক্ষু বিজ্ঞান ইনষ্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা দীর্ঘদিন chondrosarcoma রোগে ভোগার পর বর্হিঃবাংলাদেশে সি এম সি হাসপাতালে গত ০৫/০৮/২০১৫ খ্রিঃ তারিখে Thoracotomy অপারেশন করে আসলে তার শারিরীক অবস্থা খুবই দুর্বল হয়ে পড়ে। তার শারিরীক অবস্থা আপনাকে জানালে আপনি তার অসুস্থার কথা মিথ্যা বলে অভিহিত করেন এবং খারাপ আচারণ করে তাকে কক্ষ থেকে বের করে দেন। যে সব জায়গায় ডিউটি করলে তিনি অসুস্থ হয়ে পড়বেন প্রতি হিংসা মূলকভাবে তাকে আপনি সেসব জায়গায় ডিউটি দেন"। আপনার এহেন কর্মকান্ড সরকারি শৃঙ্খলা ও আচরণ বিধিমালার পরিপন্থি এবং শাস্তিযোগ্য অপরাধ।

বর্ণিতাবস্থায়। ২, উল্লেখিত অভিযোগের প্রেক্ষিতে কেন আপনার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে না তার কারণ পত্র প্রাপ্তির ০৭ কর্ম দিবসের মধ্যে (সাত) দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো।

স্বাঃ
মোঃ নাসির উদ্দিন
উপসচিব
পরিচালক (প্রশাসন ও শৃংখলা)

জনাব হাফিজা আখতার
পিতাঃ আব্দুল হাকিম মল্লিক
উপ-সেবা তত্ত্বাবধায়ক
জাতীয় চক্ষু বিজ্ঞান ইনষ্টিটিউট ও হাসপাতালশেরে বাংলা নগর,
ঢাকা।

স্মারক নং ৪৫১.২৭.০০৭.০০০০.০৩.২৩২১. ৬৮৭/১(৫) তারিখঃ ৩১/৫ /১৪২৮ বঙ্গাব্দ
১৫/৭ /২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ।(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ/

১। পরিচালক ,জাতীয় চক্ষু বিজ্ঞান ইনষ্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা।
২। সেবা তত্ত্বাবধায়ক ,জাতীয় চক্ষু বিজ্ঞান ইনষ্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা।
৩। উপপরিচালক (পিএমাইএস শাখা), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর ,(আদেশটি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো ।(
৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫। অফিস কপি।

১৫/৭/২০২১
রেবেকা খাতুন
সহকারী পরিচালক (শৃংখলা)